গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-ময়মনসিংহ

আদিবা আনোয়ার নিবাস, ২২ অমৃত বাবু রোড, ময়মনসিংহ-২২০০।

নথি নং- ৪৫/কঅ-ম/ই নথি/২০২১/২০২০-২০২১/ ১০২০ তারিখ: ১৫/০৬/২০২১ খ্রিঃ

**বিষয়: কর অঞ্চল-ময়মনসিংহ এর ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত এবং ২০২১-২২ অর্থবছরে গৃহীতব্য উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

**সূত্র: জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার নথি ০৮.০১.০০০০.০৮৩.০৮.০০৪.২০/৭২ (২৩), তারিখ: ১৩৪/০৬/২০২১**

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

সূত্রোক্ত পত্র ও প্রেরিত ছক মোতাবেক কর অঞ্চল-ময়মনসিংহ এর ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত এবং ২০২১-২২ অর্থবছরে গৃহীতব্য উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সময়কাল-২০২০-২১**

| ক্রমিক নং | বিষয় | উদ্ভাবনী কার্যক্রম |
|---|---|---|
| ১. | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি সম্পর্কিত | ■করদাতাগণের সকল ধরনের সেবা প্রাপ্তির বিষয়াদি কর অঞ্চলের ওয়েব সাইডে আপলোড করার ফলে ভার্চুয়াল মাধ্যমে করদাতাগণের সেবা প্রাপ্তির বিষয়ে জ্ঞাত হওয়ার সহজ ব্যবস্থা চালু হয়েছে।<br>■গ্রুপ এস.এম.এস ব্যবস্থার মাধ্যমে করদাতাগণের সংগে ভার্চুয়াল যোগাযোগ স্থাপনের দ্বারা রিটার্ন দাখিল, বকেয়া কর সংগ্রহ, অগ্রিম কর সংগ্রহ বিষয়ে বর্তমান পরিস্থিতিতে নিরাপদ ও ফলপ্রসূ যোগাযোগের ব্যবস্থা গ্রহন করা হয়েছে।<br>■ Zoom Cloud APPS ব্যবহারের মাধ্যমে করদাতাগণের প্রতিনিধিসহ গুরুত্বপূর্ণ অংশীজনদের জন্যে বর্তমান পরিস্থিতিতে নিরাপদ মত বিনিময়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ২. | অভ্যন্তরীণ দাপ্তরিক ও প্রশাসনিক সম্পর্কিত | ■কর অঞ্চল ময়মনসিংহের কেন্দ্রীয় ইমারতে অবস্থিত সকল অফিসে প্রবেশের ক্ষেত্রে একটি প্রবেশ দ্বারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রবেশ মুখে থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে প্রবেশকারী ব্যক্তিবর্গের তাপমাত্রা পরিমাপ করা এবং তাৎক্ষণিকভাবে সাবান পানি দিয়ে হাত ধোয়া ও হ্যান্ড স্যানিটাইজেশনের ব্যবস্থা রাখা হয়েছে।<br>■ইমারতে অবস্থিত সকল অফিস সমূহকে ইন্টারকম ব্যবস্থার মাধ্যমে আন্তঃ সংযুক্ত করা হয়েছে এবং প্রবেশ মুখেও ইন্টারকম সংযোগ রাখা হয়েছে। দাপ্তরিক কার্যাদির বিষয়ে পরামর্শের বিষয়টি ইন্টারকমের মাধ্যমে সম্পন্ন করন এবং যতটা সম্ভব ভার্চুয়াল মাধ্যমে সম্পন্ন করনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>■দপ্তরের প্রতিটি ডেস্কে কম্পিউটার এর ব্যবহার নিশ্চিত করনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সকল কর্মকর্তা, কর্মচারীদের প্রয়োজনীয় বিভিন্ন ভাচুর্য়াল অ্যাপস এবং কম্পিউটার বিষয়ে ধারাবাহিক প্রশিক্ষনের ব্যবস্থা রাখা হয়েছে।<br>■রাজস্ব সভা সহ কর অঞ্চলের সকল কর্মকর্তাদের সংগে Zoom Cloud APPS ব্যবহারের মাধ্যমে বিভিন্ন সময়ে মতবিনিময় ও প্রয়োজনীয় পরামর্শ নির্দেশনামূলক সভার আয়োজন করা হয়েছে। ই.মেইল সহ বিভিন্ন ভাচুর্য়াল মাধ্যমে সার্বক্ষণিক যোগাযোগ কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। |
| ৩. | রাজস্ব আদায় সম্পর্কিত | ■করদাতা নেটওয়ার্ক বাড়ানোর লক্ষ্যে TIN তথ্য ভান্ডারে করদাতাদেরকে এ কর অঞ্চলের সকল ETIN গ্রহনকারী করদাতাদেরকে গ্রুপ এস.এম.এস প্রেরণের মাধ্যমে রিটার্ন দাখিল ও কর প্রদানে উদ্বুদ্ধ করনে ব্যবস্থা গ্রহন করা হয়েছে যার ফলে ব্যাপক সাড়াও পাওয়া গেছে। রিটার্ন দাখিলের সংখ্যা বিগত কর বৎসরের অপেক্ষা প্রায় ৪০% বৃদ্ধি ও ৭৪ ধারায় কর জমার পরিমান কয়েকগুন বৃদ্ধি পেয়েছে।<br>■অগ্রিম করের কিস্তি আদায় ও বকেয়া কর আদায় ক্ষেত্রে ভার্চুয়াল যোগাযোগের ডাটা ব্যাজ ব্যবহার করা হচ্ছে। এক্ষেত্রে বর্তমান পরিস্থিতিতে উল্লেখযোগ্য সাড়া পাওয়া যাচ্ছে। বকেয়া কর ও অগ্রিম কর আদায়ে এ কর অঞ্চলে বিগত সময়কালের মধ্যে সর্বোচ্চ সাফল্য পাওয়া গেছে।<br>■করদাতাগণেকে রিটার্ন ও কর জমা প্রদানে উদ্বুদ্ধকরন প্রচারনার ক্ষেত্রে এ কর অঞ্চলে একটি ইলেকট্রনিক প্রচার সেল গঠন করা হয়েছে। সেই সেলের মাধ্যমে প্রচারমূলক অডিও ক্যাসেট প্রণয়ন করে ইজিবাইকে সংযুক্ত করে প্রচার করা হয়েছে এবং স্থানীয় বিভিন্ন ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে টিভি চ্যানেলে স্ক্রল হিসাবে বিভিন্ন ম্যাসেজ প্রচার হয়েছে। |

**সময়কাল-২০২১-২২ এর পরিকল্পনা**

| ক্রমিক নং | বিষয় | উদ্ভাবনী কার্যক্রম |
|---|---|---|
| ১. | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি সম্পর্কিত | ■২০২০-২০২১ কর বৎসরে গৃহিত কৌশলসমূহ চলমান থাকবে। এ কর অঞ্চলে ভার্চুয়াল করদাতা সেবা প্রদান কর্মসূচির ক্রমোন্নয়নের জন্যে দুটি কমিটি কাজ করছে। করদাতা নেটওয়ার্ক বৃদ্ধি এবং নন ফাইলার করদাতাগণকে ধারাবাহিক পযবেক্ষনে রাখা ও সময়োপযোগী সহজে অনলাইনে ও ইন্টারনেটের মাধ্যমে ব্যবস্থা গ্রহনের জন্য একটি সফটওয়ার প্রস্তুত, ব্যবহারের জন্যে প্রাথমিক কাযক্রম গ্রহন করা হয়েছে। এটি পরীক্ষামূলকভাবে ব্যবহার করা হবে।<br>■একইভাবে বকেয়া কর ও অগ্রিম করের কিস্তি পরিশোধের ক্ষেত্রেও করদাতাদের ডাটাবেইজ ভিত্তিক সফটওয়ারের ব্যবহারের মাধ্যমে করদাতা এবং তাদের প্রতিনিধিদের সংগে ভার্চুয়াল যোগাযোগ নেটওয়ার্ক তৈরী করা হবে। |
| ২. | অভ্যন্তরীণ দাপ্তরিক ও প্রশাসনিক সম্পর্কিত | ■কর অঞ্চল ময়মসিংহ এর কেন্দ্রীয়ভাবে অবস্থিত সকল দপ্তরে অভ্যন্তরিন কর্ম সম্পাদন ও যোগাযোগ রক্ষায় গৃহিত বিদ্যমান ব্যবস্থাদি চলমান থাকবে।<br>■এই ইমারতে অবস্থিত সকল দপ্তরে কম্পিউটার ব্যবহার আন্তঃ স্থানীয় অনলাইন যোগাযোগ ব্যবস্থার নেটওয়ার্ক ভূক্ত করা হবে। একজনের সম্পাদিত দৈনন্দিন কাজ সংশ্লিষ্ট ব্যক্তি বা দপ্তরে অনলাইনে প্রেরন সম্ভব।<br>■দপ্তরসমূহে কর্মরত সকল কর্মচারীবৃন্দকে প্রজেক্টর, Power Point প্রেজেন্টেশন Zoom Cloud APPS অভ্যন্তরীণ কম্পিউটার ইত্যাদি প্রশিক্ষনের মাধ্যমে ভার্চুয়াল বিভিন্ন এ্যাপস ব্যবহার ও আন্তঃ যোগাযোগ রক্ষায় সম্পৃক্ত ও সক্ষম করে তোলা হবে। |
| ৩. | রাজস্ব আদায় সম্পর্কিত | ■করদাতা নেটওয়ার্ক বৃদ্ধিতে ডিজিটাল প্রচার মূলক ব্যবস্থা গ্রহন করা হবে।<br>■করদাতা নেটওয়ার্ক বৃদ্ধি বকেয়া ও অগ্রিম কর আদায়ের ক্ষেত্রে এবং অন্যান্য যে কোন করদাতা সেবা ক্ষেত্রে করদাতাদের সংগে সহজ ও ভার্চুয়াল (অনলাইন) যোগাযোগ নিশ্চিত হলে কর আহরণ বৃদ্ধি পাবে।<br>A চালান পদ্ধতিতে কর জমা প্রদান ব্যবস্থা অনুসরনে ব্যাপক প্রচার ও উদ্বুদ্ধ করণ ব্যবস্থা গ্রহণ করা এবং উৎস কর সংগ্রহকারী প্রতিষ্ঠানসমূহের সংগে যোগাযোগ বৃদ্ধি ক্ষেত্রে এই কর অঞ্চল ভিত্তিক একটি ডাটাবেজ ও অপারেশনার সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে উৎসে কর কর্তন ও সরকারী কোষাগারে জমা নিশ্চিত হওয়ার জন্য এক্ষেত্রেও একটি সফটওয়্যার প্রণয়নের প্রচেষ্টা গ্রহণ করা হবে। |

১৪/০৬/২০২১খ্রি:

(সুকুমার সেনগুপ্ত)
কর কমিশনার (চঃ দাঃ)
কর অঞ্চল-ময়মনসিংহ।
ফোনঃ ০৯১-৬৬১২৪ (পি.এ)
e-mail: ctmymensingh@gmail.com

মহাপরিচালক
গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ
সিস্টেম ম্যানেজার ও
সভাপতি, ইনোভেশন টীম
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং- ৪৫/কঅ-ম/ই নথি/২০২১/২০২০-২০২১/ ১০২০(১-২)

তারিখ: ১৫/০৬/২০২১ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সদস্য (গ্রেড-১) (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। অফিস কপি।

১৪/০৬/২০২১খ্রি:

(সুকুমার সেনগুপ্ত)
কর কমিশনার (চঃ দাঃ)
কর অঞ্চল-ময়মনসিংহ।
ফোনঃ ০৯১-৬৬১২৪ (পি.এ)
e-mail: ctmymensingh@gmail.com